

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

## সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১১০/২০২২-২০২৩

ময়মনসিংহ, ২০ ফেব্রুয়ারি, সোমবার ২০২৩, ০৭ ফাল্গুন ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। বাংলাদেশে মতপ্রকাশের স্বাধীনতা অনেক উন্নয়নশীল দেশের জন্য উদাহরণ : তথ্য ও সম্প্রচারমন্ত্রী
- ০২। জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন আজ, লক্ষ্য ২ কোটি ২০ লাখ শিশু
- ০৩। বাংলাদেশে আধুনিক শিক্ষার দ্বার উন্মোচিত হয়েছে: সমাজকল্যাণ প্রতিমন্ত্রী
- ০৪। আগামী জাতীয় নির্বাচনে আওয়ামী লীগকে বিজয়ী করার কোনও বিকল্প নেই: গণপূর্ত প্রতিমন্ত্রী
- ০৫। খেলাখুলার মান উন্নয়নে প্রাথমিক পর্যায়ে অধিক গুরুত্ব দিতে হবে: এমপি তুহিন

**০১। বাংলাদেশে মতপ্রকাশের স্বাধীনতা অনেক উন্নয়নশীল দেশের জন্য উদাহরণ : তথ্য ও সম্প্রচারমন্ত্রী**

তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, বাংলাদেশে মতপ্রকাশের স্বাধীনতা অনেক উন্নয়নশীল দেশের জন্য উদাহরণ। রবিবার (১৯ ফেব্রুয়ারি) রাজধানীর শাহবাগে ঢাকা ক্লাবের স্যামসন এইচ টেবুলে দেশ টিভির জেলা প্রতিনিধি সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। এ সময় মন্ত্রী আমাদের দেশে মতপ্রকাশের স্বাধীনতা আছে কিন্তু অনেক ক্ষেত্রে নিজের দায়বদ্ধতা আমরা চিন্তা করি না, এমনটাও উল্লেখ করেন। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক সকালের দুনিয়া।

**০২। জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন আজ, লক্ষ্য ২ কোটি ২০ লাখ শিশু**

আজ সোমবার (২০ ফেব্রুয়ারি) সারাদেশে দিনব্যাপী জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে। এর মাধ্যমে ৬-৫৯ মাস বয়সের ২ কোটি ২০ লাখ শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। রবিবার (১৯ ফেব্রুয়ারি) সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। সারাদেশের ন্যায় ময়মনসিংহেও আজ এ ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে রবিবার (১৯ ফেব্রুয়ারি) বিকেলে ময়মনসিংহ জেলা সিভিল সার্জন কার্যালয়ের কনফারেন্স রুমে সাংবাদিকগণের সঙ্গে এক ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়। দেশব্যাপী আয়োজিত এ ক্যাম্পেইনে ০৬-১১ মাস বয়সী শিশুকে নীল রঙের এবং ১২-৫৯ মাস বয়সী শিশুকে লাল রঙের ক্যাপসুল খাওয়ানো হবে। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক দেশের খবর ও দৈনিক দিনের পালা।

**০৩। বাংলাদেশে আধুনিক শিক্ষার দ্বার উন্মোচিত হয়েছে: সমাজকল্যাণ প্রতিমন্ত্রী**

সমাজকল্যাণ প্রতিমন্ত্রী মো. আশরাফ আলী খান খসরু বলেছেন, দেশরত্ন শেখ হাসিনার দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্বের ফলেই বাংলাদেশে আধুনিক শিক্ষার দ্বার উন্মোচিত হয়েছে। দেশ দ্রুত সমৃদ্ধির পথে এগিয়ে যাচ্ছে। নেত্রকোনা সদর উপজেলার ছদ্মুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ও বামনমুহা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত ভবন রবিবার (১৯ ফেব্রুয়ারি) প্রধান অতিথি হিসেবে উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক জনতার কণ্ঠস্বর।

**০৪। আগামী জাতীয় নির্বাচনে আওয়ামী লীগকে বিজয়ী করার কোনও বিকল্প নেই: গণপূর্ত প্রতিমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ বলেছেন, আগামী জাতীয় নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগকে বিজয়ী করার কোনও বিকল্প নেই। মাননীয় প্রধানমন্ত্রী জাতির জনকের কন্যা শেখ হাসিনার সরকার মুক্তিযুদ্ধের স্বপ্নের সরকার। আওয়ামী লীগ এবং এই সরকার সবসময় আপনাদের পাশে থাকে। আমিও আপনাদের পাশে থাকবো। শনিবার (১৮ ফেব্রুয়ারি) সন্ধ্যায় ময়মনসিংহের তারাকান্দা শান্তিনগর রাধাগোবিন্দ মন্দিরে শ্রীকৃষ্ণের অষ্টকালীন লীলাকীর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস ও দৈনিক কিষণের দেশ।

**০৫। খেলাধুলার মান উন্নয়নে প্রাথমিক পর্যায়ে অধিক গুরুত্ব দিতে হবে: এমপি তুহিন**

ময়মনসিংহের নান্দাইল আসনের সংসদ সদস্য আনোয়ারুল আবেদীন খান তুহিন বলেছেন, খেলাধুলার মান উন্নয়নে প্রাথমিক পর্যায়ে বেশি গুরুত্ব দিতে হবে। রবিবার (১৯ ফেব্রুয়ারি) নান্দাইল উপজেলার জাতীয় প্রাথমিক শিক্ষা পদক (ক্রীড়া, সাংস্কৃতিক বিষয়ভিত্তিক কুইজ) প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

## সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** সাম্প্রতিক সময়ে বাংলাদেশের অন্যতম একটি সমস্যার নাম আর্সেনিক দূষণ। দেশের পঞ্চাশের অধিক জেলার নলকূপের পানিতে আর্সেনিকের মাত্রা গ্রহণসীমার উর্ধ্বে পাওয়া গেছে। সরকারি ব্যবস্থাপনায় প্রত্যেক এলাকায় আর্সেনিক দূষণমুক্ত নলকূপের ব্যবস্থা করতে হবে। তাহলেই আর্সেনিক দূষণ থেকে জনগণ মুক্তি পাবে।
- (খ) **দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক সবুজ, দৈনিক দেশের খবর, দৈনিক কিশোরের দেশ, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক দিনের পালা, দৈনিক জনতার কণ্ঠস্বর:** পাঠ্যবইয়ের তথ্যবিকৃতি ও বাক্য গঠনের ভুলগুলোতে কেবল অদক্ষতাই প্রকাশ পায় না, এটি একটি অমার্জনীয় অপরাধ। এক্ষেত্রে পাঠ্যবই প্রকাশ ও বিতরণে দায়িত্বশীলদের সচেতন ভূমিকা পালন করতে হবে।
- (গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** দেশের বিভিন্ন স্থানে নদী এবং ফসলি জমির উপরস্থ অংশ নষ্ট করে নানা উচ্ছ্রায় অবৈধভাবে মাটি কাটা হচ্ছে। যার ফলে হমকির মুখে পড়ছে দেশের নদ-নদী, রাস্তা, সেতু ও বাঁধগুলো। তাই অবৈধ মাটি কাটা বন্ধে কঠোর ব্যবস্থা ও নিয়মিত মনিটরিং করতে হবে।

## প্রবন্ধ/নিবন্ধ

- ০১। দৃষ্টি প্রতিবন্ধী শিশুরা আমাদের সন্তান, তাদের সহযোগিতায় এগিয়ে আসুন- সনৎ কুমার বিশ্বাস (দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০২। অর্থনৈতিক উন্নয়নে এসএমই খাতের গুরুত্ব- ড. মো. মফিজুর রহমান (দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক কিশোরের দেশ, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক দিনের পালা ও দৈনিক জনতার কণ্ঠস্বর)

#